গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বানিজ্যিক এলাকা, ঢাকা।
www.ddm.gov.bd

নং- ৫১.০১.০০০০.০২২.১৬.০৫৮.১৫- ৩১

তারিখ : ০৮/০৫/২০১৮ খ্রিঃ।

## অফিস আদেশ

২০১৭-১৮ অর্থ বছরের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আওতায় বাস্তবায়িত গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা), গ্রামীণ অবকাঠামো রক্ষাবেক্ষণ (টিআর) ও ইজিপিপি, বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র, বন্যা আশ্রয় কেন্দ্র, ব্রিজ/কালভার্ট নির্মাণ কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কাজ পরিবীক্ষণ ও পরিদর্শনের নিমিত্ত দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাগণকে তাঁদের নামের পাশ্বে বর্ণিত জেলাসমূহের দায়িত্ব প্রদান করা হলোঃ

| ক্রমিক | কর্মকর্তাদের নাম ও পদবী | দায়িত্ব প্রাপ্ত জেলার নাম |
|---|---|---|
| ১. | জনাব মো: আব্দুর রহমান (উপ-সচিব), উপ-পরিচালক (বাজেট/হিসাব) | ফেনী, বাগেরহাট, দিনাজপুর |
| ২. | বেগম নুরুন নাহার চৌধুরী (উপ-সচিব), উপ-পরিচালক (পরিকল্পনা) | নওগাঁ, রাজবাড়ী, রংপুর |
| ৩. | বেগম রাহিমা আক্তার (উপ-সচিব), উপ-পরিচালক (প্রশিক্ষণ) | লক্ষ্মীপুর, খুলনা, ফরিদপুর |
| ৪. | জনাব মো: ঈশান আলী রাজা বাঙালী (উপ-সচিব), উপ-পরিচালক (কাবিখা-২) | টাংগাইল, চাঁপাইনবাবগঞ্জ, পঞ্চগড় |
| ৫. | জনাব মো: রইস উদ্দিন ভূইয়া (উপ-সচিব), উপ-পরিচালক (কাবিখা-৩) | কুষ্টিয়া, মেহেরপুর, চট্রগ্রাম |
| ৬. | জনাব ড.মো: হাবিব উল্লাহ বাহার (উপ-সচিব), উপ-পরিচালক (মূওপ-২) | শরিয়তপুর, সিরাজগঞ্জ, পাবনা |
| ৭. | জনাব জাহিদুল ইসলাম (উপ-সচিব), উপ-পরিচালক (প্রশমন) | ঝালকাঠি, পটুয়াখালী, গাইবান্ধা |
| ৮. | জনাব মোহাম্মদ হারুন অর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক (এমআইএম) | কুমিল্লা ,কিশোরগঞ্জ,ভোলা |
| ৯. | বেগম লুৎফুন নাহার (উপ-সচিব), উপ-পরিচালক (প্রশাসন-১) | নাটোর, সিলেট, যশোর |
| ১০. | বেগম শায়লা ইয়াসমিন (উপ-সচিব), উপ-পরিচালক (প্রশাসন-২) | সাতক্ষীরা,রাজশাহী, মৌলভীবাজার |
| ১১. | জনাব নূরুল হক চৌধুরী (উপ-সচিব), উপ-পরিচালক (গবেষণা) | মানিকগঞ্জ, ঢাকা, গাজীপুর |
| ১২. | জনাব শেখর চন্দ্র দাস, উপ-পরিচালক (টেলিকম) | পিরোজপুর, হবিগঞ্জ, সুনামগঞ্জ |
| ১৩. | জনাব মো: সিদ্দিকুর রহমান, উপ-পরিচালক (মূওপ-১) | ময়মনসিংহ, নরসিংদী, নারায়নগঞ্জ |
| ১৪. | জনাব মো: আবুল কাশেম, উপ-পরিচালক (মূওপ-৩) | বরিশাল, নোয়াখালী, রাংগামাটি |
| ১৫. | জনাব অরুনেন্দ্র কিশোর চক্রবর্তী, উপ-পরিচালক (ত্রাণ-১) | কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, নীলফামারী |
| ১৬. | জনাব প্রবীর কুমার দাস, কম্পিউটার প্রোগ্রামার | ঠাকুরগাঁও, চুয়াডাংগা, বান্দরবান |
| ১৭. | জনাব মো: আব্দুর রহমান ,নির্বাহী প্রকৌশলী (দি:প্রা:) | কুড়িগ্রাম, নেত্রকোনা, বগুড়া |
| ১৮. | জনাব সৈয়দ আশরাফুল ইসলাম,কমিউনিকেশন মিডিয়া স্পেশালিস্ট | শেরপুর, জামালপুর, খাগড়াছড়ি |
| ১৯. | জনাব নিতাই চন্দ্র দে সরকার, সহকারী পরিচালক (জিআইএস) | লালমনিরহাট, জয়পুরহাট, চাঁদপুর, |
| ২০. | জনাব মো: আবুল কালাম আজাদ, সহকারী পরিচালক (প্রশাসন-১) | মুন্সিগঞ্জ, মাদারীপুর, বরগুনা, নরাইল |
| ২১. | জনাব মো: মোর্শেদ কামাল, সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)বাজেট/হিসাব ও আইন | মাগুরা, গোপালগঞ্জ, ঝিনাইদহ |

২. **দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ নিম্নোক্ত দায়িত্ব পালন করবেন :**

ক) জেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর), ইজিপিপি, বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র নির্মাণ, বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ ও ব্রিজ/কালভার্ট নির্মাণ কর্মসূচির প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প পরিবীক্ষণ কাজ আগামী ৩০/০৬/২০১৮ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করবেন এবং সংশ্লিষ্ট জেলা ভ্রমণ সম্পন্ন করার পর ০৭ (সাত) দিনের মধ্যে অত্র শাখা হতে সরবরাহকৃত নির্ধারিত ছকে পরিচালক (মূওপ) এর নিকট প্রতিবেদন দাখিল করবেন।

খ) প্রতি জেলার জন্য ১০% কমপক্ষে ০৩ (তিন) টি উপজেলার প্রতি উপজেলায় ০২ (দুই) টি প্রকল্পের (সোলার সিস্টেমসহ) [কাবিখা- সাধারণ-১টি ও বিশেষ-১টি এবং টিআর- সাধারণ-১টি ও বিশেষ-১টি] সহ অন্যান্য (ইজিপিপি, বহুমুখী ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্র নির্মাণ, বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ ও ব্রিজ/ কালভার্ট নির্মাণ প্রকল্প) প্রকল্পসমূহ পরিবীক্ষণ করতে হবে। একই ইউনিয়নে একই ধরণের প্রকল্পের একাধিক প্রকল্প পরিবীক্ষণ করা যাবে না। পরিবীক্ষণকৃত প্রকল্পের প্রকল্প ছক পরীক্ষা/নিরীক্ষাপূর্বক সরবরাহকৃত ছকে জেলাভিত্তিক পরিবীক্ষণকৃত প্রকল্প সংখ্যা উল্লেখ করে পৃথকভাবে (জেলাওয়ারি প্রকল্প সংখ্যাসহ) প্রতিবেদন দাখিল করতে হবে।

গ) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ উল্লিখিত কর্মসূচির পরিপত্রে বর্ণিত নির্দেশনানুযায়ী কাবিখার নূন্যতম ২০% (কমপক্ষে- ৭টি) এবং টিআর এর নূন্যতম ২০% (কমপক্ষে- ৭টি) প্রকল্প সরেজমিনে পরিবীক্ষণ করবেন। এ ছাড়া দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক নিয়োগকৃত কর্মকর্তাগণ মাঠ পর্যায়ের বিভিন্ন কর্মসূচির প্রকল্প পরিদর্শন করে ছবিসহ উল্লিখিত সময়ের মধ্যে (৩০/০৬/২০১৮ খ্রি:) নির্ধারিত ছকে অত্র অধিদপ্তরে পরিচালক (মূওপ) বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন। উল্লেখ্য যে, প্রতি মাসের পরিদর্শন প্রতিবেদন নির্ধারিত ছকে (অত্র দপ্তর হতে প্রেরিত) প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে পরিচালক (মূওপ) বরাবর প্রেরণ করবেন।

ঘ) বিশেষভাবে উল্লেখ্য যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে যে সকল জেলাতে বিশেষ প্রকল্প বরাদ্দ দেয়া হয় সে সকল প্রকল্পের ও বিধি মোতাবেক প্রাক জরিপ করতে হবে।

ঙ) পরিচালক ও উপ-পরিচালকগণ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস পরিদর্শন করবেন ।

চলমান পাতা-২

৩। উল্লিখিত কর্মকর্তাগণের কার্যাবলী তদারকির জন্য অধিদপ্তরের নিম্নোক্ত পরিচালকগণকে ০৮ (আট) টি বিভাগের দায়িত্ব প্রদান করা হলো :

| ক্রমিক | কর্মকর্তাদের নাম ও পদবী | দায়িত্ব প্রাপ্ত বিভাগের নাম |
|---|---|---|
| ১. | জনাব আবু সৈয়দ মোহাম্মদ হাশিম (অতিরিক্ত সচিব), পরিচালক (কাবিখা) | চট্টগ্রাম |
| ২. | জনাব এম. খালিদ মাহমুদ (যুগ্ম-সচিব), পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | ময়মনসিংহ |
| ৩. | জনাব মো: আবু তালেব (যুগ্ম-সচিব), পরিচালক (এমআইএম) | রাজশাহী |
| ৪. | জনাব মো: জাহাংগীর হোসেন (যুগ্ম-সচিব), পরিচালক (প্রশাসন) | বরিশাল |
| ৫. | জনাব মো: হারুন-অর-রশিদ মোল্লা (যুগ্ম-সচিব), পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা) | ঢাকা |
| ৬. | জনাব মো: ইফতেখারুল ইসলাম, পরিচালক (ত্রাণ) | সিলেট |
| ৭. | জনাব মোহাম্মদ আনিছুর রহমান, পরিচালক (মূওপ) | রংপুর |
| ৮. | জনাব গিয়াসউদ্দিন আহমেদ, পরিচালক (ভিজিডি) | খুলনা |

৪. **পরিচালকগণ নিম্নোক্ত দায়িত্ব পালন করবেন :**

ক) পরিচালকগণ দায়িত্ব প্রাপ্ত বিভাগের জেলাধীন জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদের সাথে গৃহীত প্রকল্পের বিষয়ে পর্যালোচনা এবং নমুনাভিত্তিক কিছু সংখ্যক প্রকল্পের পরিবীক্ষণ ও মতামতসহ জেলাভিত্তিক প্রতিবেদন দাখিল করবেন।

খ) পরিচালকগণ দায়িত্ব প্রাপ্ত বিভাগের অধীন নিয়োজিত কর্মকর্তাগণের জেলাধীন পরিবীক্ষণ কাজের যথাযথভাবে তদারকি করবেন।

৫. এ ছাড়া পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন) মহাপরিচালকের অনুমোদনক্রমে যে কোন জেলার কাজ তদারকি করতে পারবেন।

৬. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে কারিগরী সহায়তা প্রদানের জন্য একজন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করবেন এবং তাদের আবাসন ও যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৭. পরিবীক্ষণ কাজে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ স্ব-স্ব নিয়ন্ত্রণকারী পরিচালকের নিকট হতে ভ্রমণসূচি অনুমোদনপূর্বক পরিবীক্ষণ কাজ সম্পাদনের নিমিত্ত জেলা ভ্রমণ করবেন এবং ভ্রমণসূচির একটি অনুলিপি পরিচালক (মূওপ) বরাবর দাখিল করবেন।

৮. পরিবীক্ষণকৃত প্রকল্পের ছবি প্রতিবেদনের সাথে অবশ্যই দাখিল করতে হবে।

৯. কর্মকর্তাগণ যথাসম্ভব সরকারি ছুটির সংগে মিলিয়ে ভ্রমণসূচি প্রণয়ণের চেষ্টা করবেন। এ সংক্রান্ত ভ্রমণ সরকারি দায়িত্ব হিসেবে গণ্য হবে এবং বিধি মোতাবেক ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন।

১০. জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

৮/৫/১৮

(মো: রিয়াজ আহম্মদ)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ফোন : ৯৮৪১৫৮১
ই-মেইল : dg@ddm.gov.bd

নং ৫১.০১.০০০০.০২২.১৬.০৫৮.১৫-৬১/১(৮৮৬) তারিখ : ০৮/০৫/২০১৮ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, ............................................, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/ময়মনসিংহ/বরিশাল/সিলেট।
৩। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও গবেষণা/প্রশাসন/কাবিখা/মিম/ত্রাণ/মূওপ/ভিজিডি), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।
৪। জেলা প্রশাসক, ............................................................ (সকল)।
৫। জনাব ............................................ উপ-পরিচালক (সকল)................., দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। জনাব প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (অফিস আদেশটি অধিদপ্তরের ওয়েব-সাইডে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬, আ: গণি রোড, ঢাকা।
৮। উপজেলা নির্বাহী অফিসার, ............................................................................(সকল)।
৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ............................................ (সকল)।
১০। সহ: পরিচালক (সকল)/হিসাব রক্ষণ কর্মকর্তা/উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল) ............................................।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
১২। সংরক্ষণ নথি/অফিস কপি।

৮/৫/১৮

(মোহাম্মদ আনিছুর রহমান)
পরিচালক (মূওপ)
ফোন : ৯৮৬০৫২৩।

E:\Rawshan\বিবিধ নথি.docx